

ভুয়া খবরে ক্ষুব্ধ নোরা-পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৩৬ ঃ মেহেরপুর-মঙ্গলবার ১৮ নভেম্বর ২০২৫ ইং ঃ ৩ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ঃ ২৬ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com


## ‘এবারের নির্বাচন দেশ রক্ষার নির্বাচন’ প্রধান উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় নির্বাচন ও গণভোটকে দেশের জন্য এক ‘ঐতিহাসিক মোড় ঘোরা মুহূর্ত’ হিসেবে উল্লেখ করেছেন প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস। তিনি বলেন, “এবারের নির্বাচন গতানুগতিক কোনো নির্বাচন নয়; বরং এটি দেশ রক্ষার নির্বাচন।” সোমবার (১৭ নভেম্বর) প্রধান উপদেষ্টার কার্যালয়ে সদ্য পদায়নকৃত ৫০ জেলা প্রশাসকসহ দেশের ৬৪ জেলার প্রশাসকদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য দেন তিনি। নির্বাচনকে সুষ্ঠু ও নিরপেক্ষভাবে আয়োজনের জন্য প্রশাসকদের শতভাগ সততা, নিষ্ঠা ও নিরপেক্ষতা বজায় রাখার নির্দেশ দেন প্রধান উপদেষ্টা।
প্রধান উপদেষ্টা বলেন, আগামী নির্বাচন শুধু পাঁচ বছরের সরকার গঠনের নির্বাচন নয়; গণভোট যুক্ত হওয়ায় এটি আরও বেশি গুরুত্ববহ। তিনি বলেন, “জাতি বহু প্রহসনের নির্বাচন দেখেছে। এবার সেই স্মৃতি ছাপিয়ে একটি নতুন দিগন্ত উন্মোচন করতে হবে।” তিনি আরও বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন





## শিশুবিভাগে ‘কনসালটেন্ট’ সেজে চিকিৎসা দিচ্ছেন টেকনোলজিস্ট!

### নিরাপত্তাহীনতায় অভিভাবক, নীরব জেনারেল হাসপাতাল কর্তৃপক্ষ

মিজানুর রহমান অপু

মেহেরপুর জেনারেল হাসপাতালে ‘কনসালটেন্ট’ সেজে শিশুদের চিকিৎসা দিচ্ছেন মেডিকেল টেকনোলজিস্ট তরিকুল ইসলাম। তাঁর দাবি–
“আমি সরকারি কর্মকর্তা। আমাকে যেখানে যে দায়িত্ব দেওয়া হবে, আমি তা পালন করতে বাধ্য।” শিশুরোগের মতো স্পর্শকাতর বিভাগে একজন টেকনোলজিস্ট দিয়ে চিকিৎসাসেবা চালানোয় হাসপাতাল কর্তৃপক্ষের দায়িত্ববোধ নিয়ে প্রশ্ন তুলছেন সাধারণ মানুষ। তবে এ বিষয়ে কথা বলতে রাজি হননি হাসপাতালের তত্ত্বাবধায়ক শার-মিন শায়লা। হাসপাতাল সূত্র ও রোগীদের স্বজনদের কাছ থেকে জানা যায়, মেহেরপুর জেনারেল হাসপাতালের নতুন ভবনের দ্বিতীয় তলার ২০১৬ নম্বর কক্ষে শিশু রোগীদের অভিভাবকরা লাইন ধরে দাঁড়িয়ে থাকেন। কক্ষের দরজায় লেখা রয়েছে–

২-এর পৃষ্ঠা দেখুন

### বিস্ফোরক ভিডিও ভাইরাল

## ছাত্রী চাইলেন প্রধান শিক্ষকের সঙ্গে বিয়ে

নিজস্ব প্রতিবেদক, গাংনী





মেহেরপুরের গাংনী উপজেলার এইচ বি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাজু আহমেদের সঙ্গে দশম শ্রেণির এক শিক্ষার্থীর অশ্লীল কথোপকথন ও অঙ্গভঙ্গির ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ভাইরাল হওয়ার পর জেলাজুড়ে ব্যাপক তোলপাড় সৃষ্টি হয়েছে। রবিবার (১৬ নভেম্বর) সন্ধ্যায় শিক্ষার্থীর আরও একটি ভিডিও প্রকাশিত হয়, যেখানে তিনি প্রধান শিক্ষককে বিয়ে করার ইচ্ছা প্রকাশ করেন। ভিডিওতে শিক্ষার্থী বলেন,
“আমার জীবন যখন শেষ হয়ে গেছে, আমার সম্মান যখন শেষ হয়ে গেছে, আমি তাকে ছাড়া অন্য কোথাও বিয়ে করব না। হবে হোক, তাকেই বিয়ে করতে হবে।চ এছাড়া অন্য একটি ভিডিওতে দশম শ্রেণির শিক্ষার্থী স্বপ্না ইয়াসমিন দাবি করেন, সপ্তম শ্রেণিতে পড়াকালীন বন্ধুর বাবা প্রধান শিক্ষক রাজু আহমেদের সঙ্গে তার ‘প্রেমের সম্পর্ক’ তৈরি হয়। স্বপ্নার ভাষ্য, “ভুলবশত আমি শিক্ষকের সঙ্গে সম্পর্কে জড়িয়ে পড়ি। আমার জ্ঞান কম ছিল, কিন্তু তার তো যথেষ্ট জ্ঞান থাকা উচিত ছিল। পরে বুঝতে পারি এগুলো ভুল। তখনই তাকে ছেড়ে আসার চেষ্টা করি।চ স্বপ্না অভিযোগ করেন, সম্পর্ক ভাঙার চেষ্টা করলে রাজু আহমেদ তাকে বিভিন্ন সময় ব্ল্যাকমেইল করতেন। তিনি আরও জানান, বিদ্যালয়ের আরও কিছু শিক্ষার্থীর সঙ্গে প্রধান শিক্ষকের অনৈতিক সম্পর্ক ছিল। “বহু মেয়েকে তিনি প্রতারণা করেছেন। কেউই সাহস পায়নি ব্যবস্থা নিতে। কিন্তু আমি নিয়েছি,চ যোগ করেন স্বপ্না। ঘটনা জানাজানি হওয়ার পর বিদ্যালয়ে চরম অস্থিরতা সৃষ্টি হয়েছে। শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে বিরাজ করছে উত্তেজনা ও উদ্বেগ। গাংনী থানার ওসি বনি ইসরাইল

২-এর পৃষ্ঠা দেখুন





## মেহেরপুরে প্রভাষকের পদোন্নতির দাবিতে কলেজ শিক্ষকদের অবস্থান কর্মসূচি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সরকারি কলেজসহ জেলার চারটি সরকারি কলেজে সোমবার সকাল থেকে প্রভাষকরা পদোন্নতির দাবিতে কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি পালন করেছেন। মেহেরপুর সরকারি কলেজ প্রাঙ্গণে ক্লাস বর্জনসহ একাডেমিক কার্যক্রম বন্ধ রেখে এই কর্মসূচি পরিচালিত হয়। বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার প্রভাষক পরিষদ মেহেরপুর

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে হোটেল আটলান্টিকা চাঁদাবাজি মামলায় ১৭ আসামির খালাস

নিজস্ব প্রতিবেদক

হোটেল আটলান্টিকা চাঁদাবাজি মামলায়গতকাল সোমবার মেহেরপুর ১ম যুগ্মজজ ইমদাদুল হক’র আদালতে রায় ঘোষনা করেছেন। আদালতের রায়ে মামলার ১৭ জন আসামী সকলেই খালাস পেয়েছেন। এর মধ্যেরায় হবার আগেই মামলার শুরুর দিকে একজন মারা গেছেন। মামলার রাষ্ট্রপক্ষের আইনজীবী কৌশলীর মক্কেলেসুর রহমান স্বপন জানান, মামলার ন্যায়বিচারের স্বার্থে আদালতকে বলা হয়েছিল তদন্তকারী কর্মকর্তার প্রমাণাদিতে সঠিক ব্যবস্থা নেওয়ার জন্য। তবে, তদন্ত কর্মকর্তা সঞ্জয় ও আশরাফ

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে যোগ দিলেন নতুন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসক হিসেবে নতুনভাবে যোগদান করেছেন ড. সৈয়দ এনামুল কবির ।গতকাল সোমবার রাতে তিনি মেহেরপুর সার্কিট হাউজে এসে পৌঁছান। নবাগত জেলা প্রশাসককে ফুলের শুভেচ্ছা জানান অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুর-কুষ্টিয়া সড়কে আগুন জ্বালিয়ে অবোরধ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ওমানবতাবিরোধী অপরাধেব্র মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ তিন আসামির বিরুদ্ধে দায়ের করা মামলার সোমবার রায় ঘোষণা করা হয় । এরই অংশ হিসেবে রবিবার (১৬ নভেম্বর) দিবাগত গভীর রাতে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কে আগুন জ্বালিয়ে কমপ্লিট শাটডাউন কর্মসূচির অংশ হিসেবে অবরোধ গড়ে তোলে পতিত আওয়ামী লীগ ও যুবলীগের নেতাকর্মীরা। মেহেরপুর সদর উপজেলার মদনাডাঙ্গা এবং গাংনী

২-এর পৃষ্ঠা দেখুন



## বারাকপুরে জামায়াতের গণসংযোগ কর্মসূচি

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের বারাকপুর গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেল ৪টার দিকে বারাকপুর গ্রামের প্রধান সড়ক ও স্থানীয় বাজার এলাকায় এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে বিএনপির মনোনয়ন পুনর্বিবেচনার দাবিতে মিছিল

নিজস্ব প্রতিবেদক, গাংনী

মেহেরপুরের গাংনীতে বিএনপির মনোনয়ন পুনর্বিবেচনার দাবিতে ও শেখ হাসিনার ফাঁসির আদেশকে স্বাগত জানিয়ে সোমবার বিকেলে বিএনপির একটি মিছিল অনুষ্ঠিত হয়েছে। গাংনী উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে বের করা মিছিলটি বিএনপি কার্যালয়ের সামনে থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়। মিছিলে নেতৃত্ব দেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দীন কালু, সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, জেলা সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, জেলা যুবদলের সাধারণ

২-এর পৃষ্ঠা দেখুন

## ধানমন্ডি ৩২ নম্বরে সংঘর্ষ, পুলিশের সাউন্ড গ্রেনেড

সূর্যোদয় প্রতিবেদন

ধানমন্ডি ৩২ নম্বরে শেখ মুজিবুর রহমানের বাড়ির অবশিষ্ট অংশ ভাঙার ঘটনাকে কেন্দ্র করে বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ অব্যাহত রয়েছে। কলাবাগান ও স্কয়ার হাসপাতালের আশপাশে দফায় দফায় সংঘর্ষের মধ্যেই পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশ কাঁদানেগ্যাস ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করছে। স্কয়ার হাসপাতালের সামনে সংঘর্ষ ও ককটেল বিস্ফোরণের কারণে রোগী ও স্বজনদের মধ্যে চরম আতঙ্ক বিরাজ করছে। আশপাশের অলিগলিতেও পুলিশ সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করছে। নিরাপত্তাকর্মীদের কারণে হাসপাতালে ঢোকার পথে

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনী বাজারে ‘মফিজ ফল ভাণ্ডার’ ভাঙচুর, সংবাদ সম্মেলনে ক্ষোভ

নিজস্ব প্রতিবেদক, গাংনী

মেহেরপুরের গাংনী বাজারে ‘মফিজ ফল ভাণ্ডার’ ভাঙচুরের ঘটনায় চরম নিরাপত্তাহীনতার মধ্যে দিন কাটাচ্ছেন ব্যবসায়ী মফিজুর রহমান। গতকাল সোমবার (১৭ নভেম্বর) সন্ধ্যায় নিজ বাসভবনে সংবাদ সম্মেলনে তিনি এ ঘটনার প্রতিবাদ জানান।দোকানের ভাই রফিকুল ইসলাম জানিয়েছেন, শনিবার (১৫ নভেম্বর) বিকেলে গাংনী বাজারের আমিরুল মার্কেট ও এস এম প্লাজা মার্কেটের একদল ব্যক্তি দোকানের ভেতরে ঢুকে লোহার রড ও লাঠি দিয়ে হামলা চালায়। হামলায় প্রায়

২-এর পৃষ্ঠা দেখুন

## উগান্ডাকে হারিয়ে নারী কাবাডি বিশ্বকাপ শুরু বাংলাদেশের

সূর্যোদয় প্রতিবেদন

মিরপুর শহীদ সোহরাওয়ার্দী ইনডোরে সোমবার বিকেলে শুরু হওয়া নারী কাবাডি বিশ্বকাপে প্রথম ম্যাচে উগান্ডাকে সহজে হারিয়ে মাঠে নামল বাংলাদেশ। কোচ মালেকা পারভীনের নেতৃত্বে দলটি দ্বিতীয়ার্ধে পূর্ণ নিয়ন্ত্রণ দেখিয়ে ৪২-২২ পয়েন্ট ব্যবধানে জয় পেয়েছে। টসে জিতে প্রথম আক্রমণে ওঠে বাংলাদেশ। অধিনায়ক রূপালি আক্তার দ্বিতীয় রেইডে প্রথম পয়েন্ট আনেন। উগান্ডার প্রথম আক্রমণেও বাংলাদেশ বোনাস পয়েন্ট নিলে প্রথমার্ধের প্রথম ১০ মিনিট পর্যন্ত স্বাগতিকরা সামান্য এগিয়ে থাকে। পরে উগান্ডা সমতায় আসে। প্রথমার্ধ শেষে বাংলাদেশের পয়েন্ট ছিল ১৪, আর উগান্ডার ১২। দ্বিতীয়ার্ধে রূপালির দল পয়েন্ট আরও বাড়িয়ে নেয়। ম্যাচের মাঝামাঝি সময়ে এক লোনা আক্রমণ সফল করে বাংলাদেশকে এগিয়ে নেয় ২৮-১৭ ব্যবধানে। দ্বিতীয়ার্ধের ১২ মিনিটে আরও এক লোনা আক্রমণে উগান্ডাকে পিছনে ফেলে দেয় লাল-সবুজরা। শেষ পর্যন্ত উগান্ডা ম্যাচে ফিরতে পারেনি। ম্যাচ সেরা নির্বাচিত স্মৃতি আক্তার বলেন, ‘শুরুতে কিছুটা চাপ অনুভব করছিলাম। উগান্ডার সঙ্গে আমাদের প্রথম

২-এর পৃষ্ঠা দেখুন

**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

### অনুবাক্য

**মামুনুর রশিদ মামুন**

**খবর ঃ(প্রধান শিক্ষককে ঘিরে স্কুল জুড়ে ঝড়)**

শিক্ষক হয়ে এমন কাজ
কেমন করে করলি
ছাত্রী হলো মেয়ের মতো
কেমন করে তা পারলি।
দশম শ্রেণীর ছাত্রী তুই
অনেক বুদ্ধি আছে
কোথা থেকে আসলো মাথায়
কেমনে পড়লি ফাঁদে।
মাস্টার হল শিক্ষাগুরু
দেশজুড়ে যার খ্যাতি
কেমন করে পারলে করতে
সেই মেয়েটার ক্ষতি।
জেগেছে জনতা জেগেছে ছাত্র
বুঝবি তুই মজা
চাকরি যাবে জেল খাটবি
তবেই হবি সোজা।





সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✔ অথেনটিক প্রোডাক্ট
✔ সেরা দাম
✔ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ মঙ্গলবার ॥ ৩ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ॥ ১৮ নভেম্বর ২০২৫ইং


## মানবতাবিরোধী অপরাধে শেখ হাসিনাকে মৃত্যুদণ্ড

সূর্যোদয় প্রতিবেদন



আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ সোমবার দুপুর সাড়ে ১২টার দিকে ঐতিহাসিক রায় ঘোষণা করেছে, যাতে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল-কে মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ড প্রদান করা হয়েছে। ট্রাইব্যুনালের চেয়ারম্যান হিসেবে রায় ঘোষণা করেছেন বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদার, এবং বিচারিক প্যানেলের অন্য দুই সদস্য ছিলেন বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ ও বিচারপতি মো. মোহিতুল হক এনাম চৌধুরী। রায় ঘোষণার সময় আদালত জনাকীর্ণ ছিল। নিহতদের পরিবারের সদস্যরাও উপস্থিত ছিলেন। আদালত রায়ে বলেছে, সংক্রান্ত মামলায় তিনটি অভিযোগ প্রমাণিত হওয়ায় শেখ হাসিনাকে দেয়া হয়েছে এক অভিযোগে আমৃত্যু কারাদণ্ড এবং দুইটি অভিযোগে মৃত্যুদণ্ড। একই মামলায়, সাবেক আইজি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন যা রাজসাক্ষী ছিলেন, তাকে ৫ বছরের কারাদণ্ড ঘোষণা করা হয়েছে। রাষ্ট্রপক্ষের চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম আদালতে দাবি করেছিলেন যে, "শেখ

৩-এর পৃষ্ঠা দেখুন

## আজকের রায় বিশ্বে নজির হয়ে থাকবে ওসমান হাদি

সূর্যোদয় প্রতিবেদন

মানবতাবিরোধী অপরাধের মামলায় দেওয়া আজকের ঐতিহাসিক রায় শুধু বাংলাদেশেই নয়, বিশ্বের জন্যও নজির হয়ে থাকবে বলে মন্তব্য করেছেন ইনকিলাব মঞ্চের মুখপাত্র ওসমান হাদি। সোমবার বিকেল ৩টার দিকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল থেকে বের হয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এই প্রতিক্রিয়া জানান। ওসমান হাদি বলেন, "পৃথিবীতে কোনো ক্ষমতাই স্থায়ী নয়। কোনো স্বৈরশাসক চিরকাল মানুষকে নিপীড়ন করে টিকে থাকতে পারে না। আজকের রায় শুধু বাংলাদেশের জন্য নয়, পুরো বিশ্বের জন্যই একটি গুরুত্বপূর্ণ

৩-এর পৃষ্ঠা দেখুন

## জকসু নির্বাচনে ছাত্রদলের ভিপি রাকিব জিএস খাদিজা

সূর্যোদয় প্রতিবেদন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু) ও হল সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল সমর্থিত 'ঐক্যবদ্ধ নির্ভীক জবিয়ান' প্যানেল ঘোষণা করা হয়েছে। সোমবার বিশ্ববিদ্যালয়ের ভাষা শহীদ রফিক ভবনের নিচতলায় আয়োজিত সংবাদ সম্মেলনে প্যানেলটি ঘোষণা করেন ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সভাপতি রাকিবুল ইসলাম রাকিব। ঘোষিত প্যানেলে কেন্দ্রীয় জকসুর সহ-সভাপতি (ভিপি) পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন এ কে এম রাকিব, সাধারণ সম্পাদক (জিএস) পদে রয়েছেন খাদিজাতুল কুবরা, এবং সহ-

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## কোমর ও পায়ের ব্যথা কমাতে 'বিগ টৌ পোজ'

সূর্যোদয় প্রতিবেদন

কোমর, গোড়ালি ও পায়ের ব্যথা এখন শহর-গ্রামের প্রায় সব বয়সের মানুষের সাধারণ সমস্যা। দীর্ঘ সময় বসে কাজ, কম্পিউটার ব্যবহারের আধিক্য বা ভুল ভঙ্গিতে ঘুম–এসব কারণে পেশিতে টান, সায়াটিকা বা ডিস্কজনিত ব্যথা নিয়মিত দেখা দিচ্ছে। বিশেষজ্ঞরা বলছেন, ব্যথানাশক ঔষধ বা ইনজেকশনের বদলে প্রতিদিন মাত্র কয়েক মিনিট সঠিক যোগব্যায়াম করলেও ব্যথা অনেকটা কমানো সম্ভব। এর মধ্যে সবচেয়ে কার্যকর একটি ভঙ্গি হলো 'বিগ টো পোজ' বা পাদাঙ্গুস্তাসন। কীভাবে করবেন পাদাঙ্গুস্তাসন: সমতল জায়গায় যোগম্যাট বিছিয়ে সোজা হয়ে দাঁড়ান।

দুই হাত শরীরের পাশে রেখে ধীরে ধীরে শ্বাস ছাড়তে ছাড়তে সামনের দিকে ঝুঁকুন। বুককে হাঁটুর কাছে নিয়ে আসার চেষ্টা করুন, মাথা স্বাভাবিকভাবে নিচের দিকে ঝুলবে। দুই হাতের

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় শীতজনিত রোগী বেড়ে উদ্বেগ শিশুদের নিউমোনিয়া ও ডায়রিয়া বেশি

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গায় আবহাওয়ার তীব্র পরিবর্তনের কারণে শিশু ও বয়োবৃদ্ধরা শ্বাসকষ্ট, কাশি ও ডায়রিয়ায় আক্রান্ত হয়ে হাসপাতালে ভিড় করছেন। সদর হাসপাতালে গত ১৬ দিনে শিশু ওয়ার্ডে ৩৬৩ জন, ডায়রিয়া ওয়ার্ডে ১৮৫ জন ভর্তি হয়েছেন। চুয়াডাঙ্গা সদর হাসপাতালের শিশু ও ডায়রিয়া ওয়ার্ডে রোগীর চাপ দিন দিন বাড়ছে। দিনে গরম রাতের ঠান্ডা ও রোটা ভাইরাসের প্রাদুর্ভাব শিশুদের মধ্যে নিউমোনিয়া ও ডায়রিয়ার প্রকোপ বাড়িয়েছে। আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস গ্রামের দুই দিন বয়সী শাহানাজ এবং রামচন্দ্রপুর গ্রামের একদিন বয়সী সালমা নবজাতক দুই শিশু নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে হাসপাতালে মারা গেছেন। শিশু বিশেষজ্ঞ ডা. আসাদুল হক মালিক খোকন জানান, ছোট শিশুদের নিউমোনিয়া দ্রুত ভয়াবহ রূপ নিতে পারে। তিনি বাবা-মায়েদের সতর্ক থাকার পরামর্শ দিয়ে বলেন, "শিশুকে নিয়মিত দুধ

৩-এর পৃষ্ঠা দেখুন



## কিশোর-কিশোরীদের স্বপ্নের মঞ্চে পুরস্কার বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা প্রশাসন ও জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে কিশোর-কিশোরীদের কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় বার্ষিক সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪-এর বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার দুপুরে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক মোছাঃ নাসিমা খাতুন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসার আব্দুল্লা আল মামুন, সদর উপজেলা সমবায় কর্মকর্তা মনিরুজ্জামান, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা মাহফুজ জামান প্রমুখ। পরে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।



## মাগুরা কালীতলা বাজারে টাপেন্টাডলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক.

কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয় থানাধীন মাগুরা কালীতলা বাজারে র‍্যাব-১২, সিপিসি-৩, মেহেরপুরের অভিযানে ৪০০ পিস টাপেন্টাডল ট্যাবলেটসহ একজন মাদক ব্যবসায়ী গ্রেফতার হয়েছেন। র‍্যাব-১২, সিপিসি-৩ এর অধিনায়ক লেফটেন্যান্ট ওয়াহিদুজ্জামান প্রেস বিজ্ঞপ্তিতে জানান, গতকাল সোমবার বিকালে অভিযান পরিচালনা করে মোঃ জাহাঙ্গীর আলম (৪৫), পিতা- মৃত রজব আলী, মাতা- মোছাঃ মনোয়ারা বেগম, সাং- উত্তর মাগুরা, ইউপি- গোস্বামী দূর্গাপুর, থানাঃ ইসলামী বিশ্ববিদ্যালয়, জেলা- কুষ্টিয়া গ্রেফতার হন। প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেফতারকৃত আসামী স্বীকার করেন যে, তিনি দীর্ঘদিন ধরে টাপেন্টাডল ক্রয় করে নিজ এলাকায় এবং আশপাশের এলাকায় বিক্রয় করে যুব সমাজকে নেশার দিকে প্রলুব্ধ করছিলেন।

৩-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে জেন্ডার সচেতনতা ও সহিংসতা প্রতিরোধ প্রশিক্ষণ সম্পন্ন

মুজিবনগর প্রতিনিধি

এফসিডিও'র অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ, মাল্টি-স্টেকহোল্ডার ইনিশিয়েটিভ ফর পিস অ্যান্ড স্ট্যাবিলিটি প্রকল্পের আওতায় মুজিবনগরে "জেন্ডার সচেতনতা ও সহিংসতা প্রতিরোধ" বিষয়ক প্রশিক্ষণ সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণে অংশগ্রহণ করেন নারী ও পুরুষ যুব প্রতিনিধি, যারা রাজনৈতিক, সামাজিক ও স্বেচ্ছাসেবামূলক যুব সংগঠন এবং ইয়ুথ পিস এম্বাসেডর গ্রুপ -এর সদস্য। ভবিষ্যতে তারা মুজিবনগর উপজেলায় জেন্ডার সচেতনতা বৃদ্ধি ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নে ভূমিকা রাখবেন। মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে অনুষ্ঠিত প্রশিক্ষণে উপস্থিত ছিলেন ওয়াইপিএজি কোঅর্ডিনেটর মো: রিয়াজ শেখ, সহসমন্বয়কারি মুক্তা খাতুন এবং অন্যান্য সদস্য। প্রশিক্ষণ

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের শান্তিপূর্ণ ভোট গ্রহণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের ত্রিবার্ষিক নির্বাচন গতকাল সোমবার শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত ভোট গ্রহণ চলে। ভোটকেন্দ্রে শ্রমিকদের উপস্থিতি তীব্র ও উৎসবমুখর। প্রার্থীদের সমর্থকরা ঢাক-ঢোল ও গান-বাজনা দিয়ে ভোটারদের দৃষ্টি আকর্ষণ করেছেন। এবার সভাপতি পদে লড়ছেন

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে রেড ক্রিসেন্ট ইউনিটের সহ-সভাপতিকে সংবর্ধনা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর আন নূর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ আল আমিন বকুলকে মেহেরপুর জেলা রেড ক্রিসেন্ট ইউনিটের সহ-সভাপতি নির্বাচিত হওয়ায় সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল সোমবার সকালে মেহেরপুর জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা এ সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন করেন।

৩-এর পৃষ্ঠা দেখুন







✨ জামান বস্ত্রালয় ✨

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর


যোগাযোগ: 01718 552784, 01673 980044


প্রযুক্তি

## মেটার বার্ষিক আয়ের বড় অংশই আসে ভুয়া ও নিষিদ্ধ পণ্যের বিজ্ঞাপন থেকে

সূর্যোদয় প্রতিবেদন

মেটারপ্ল্যাটফর্মগুলো–ফেসবুক, ইনস্টাগ্রাম ও হোয়াটসঅ্যাপ–প্রতারণামূলক ও নিষিদ্ধ পণ্যের বিজ্ঞাপন নিয়ন্ত্রণে দীর্ঘদিন ধরেই ব্যর্থ। অভ্যন্তরীণ নথিপত্রে দেখা যায়, এসব বিজ্ঞাপন থেকে প্রতিষ্ঠানটি বছরে প্রায় ১৬ বিলিয়ন ডলার আয় করে, যা তাদের মোট আয়ের প্রায় ১০ শতাংশ। ২০২৪ সালের শেষের নথিতে উল্লেখ আছে, মেটা প্রতিদিন ব্যবহারকারীদের প্রায় ১৫ বিলিয়ন 'উচ্চ ঝুঁকিপূর্ণ' বিজ্ঞাপন দেখায় এবং এ ধরনের বিজ্ঞাপন থেকে বছরে আয় হয় প্রায় ৭ বিলিয়ন ডলার। যদিও প্ল্যাটফর্মটিতে স্বয়ংক্রিয় প্রতারণা শনাক্তকরণ ব্যবস্থা রয়েছে, কোনো বিজ্ঞাপন ব্লক করতে হলে সেটিকে অন্তত ৯৫ শতাংশ নিশ্চিতভাবে প্রতারণামূলক প্রমাণ করতে হয়। ফলে বহু ভুয়া বিজ্ঞাপন দীর্ঘ সময় সক্রিয় থাকে। ছোট বিজ্ঞাপনদাতা আটবার লঙ্ঘন না করলে ব্লক হন না এবং বড় বা 'হাই-ভ্যালু'



৩-এর পৃষ্ঠা দেখুন


মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা



হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর

সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308



দিন-রাত মানবিক সেবার লক্ষে

কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)

কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮

স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-

মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা

ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা

নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা

গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অবৃস এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা

--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --

হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।

ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন



ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, মঙ্গলবার, ১৮ নভেম্বর ২০২৫ ইং

## অশ্লীলতার ভিডিও: শিক্ষক না লজ্জা!

হাড়াভাঙা এইচবি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাজু আহমেদের অশ্লীল ভিডিও এবং শিক্ষার্থীর সঙ্গে অশোভন কথোপকথন প্রকাশের পর যে চিত্র সামনে এসেছে–তা দেশের শিক্ষাঙ্গনের জন্য লজ্জাজনক, উদ্বেগের, এবং চরম লাঞ্ছনার। শিক্ষকতা পেশায় এমন নৈতিকহীন ব্যক্তি থাকা মানে শিক্ষার্থীদের নিরাপত্তা হুমকির মুখে ফেলে দেওয়া। শিশুর ভবিষ্যৎ গড়ার কথা যার, সেই মানুষটিই যখন শিক্ষার্থীকে অপমানের জায়গায় নামিয়ে আনেন–তখন তাকে শিক্ষক বলা তো দূরের কথা, সমাজে থাকারও অধিকার থাকে না। আরও ভয়ংকর তথ্য–অভিযুক্তের পরিবার ও মহল নাকি টাকা-পয়সা দিয়ে বিভিন্ন দফতরে 'ম্যানেজ' করার চেষ্টা করছে। এটি শুধু অপরাধ নয়–এটি শিক্ষাঙ্গনে দুর্নীতির কালো থাবাকে প্রকাশ করে। সমাজে এমন বার্তা গেলে অন্য অপরাধীরাও মাথা তুলে দাঁড়াবে। সামাজিক বরখাস্তই যথেষ্ট নয়। এই ধরনের অপরাধে স্থায়ী বহিষ্কার, আইনগত ব্যবস্থা, এবং দৃষ্টান্তমূলক শাস্তি জরুরি। এক্ষেত্রে শিক্ষা অফিস, প্রশাসন ও ম্যানেজিং কমিটির দায়িত্ব একটাই–কঠোর সিদ্ধান্ত। শিক্ষার্থীর নিরাপত্তার প্রশ্নে বিন্দুমাত্র ছাড় দেওয়ার সুযোগ নেই। যে শিক্ষক শিক্ষার্থীর অভিভাবকের মতো হওয়ার কথা, সেই যদি ভয় ও অশ্লীলতার উৎস হয়–তাহলে বিদ্যালয় কীভাবে নিরাপদ থাকবে? শিক্ষার্থীরা রাস্তায় দাঁড়িয়েছে। অভিভাবকরা ক্ষুব্ধ। শিক্ষক সমাজ অপমানিত। এসবই প্রমাণ করে–ঘটনার ভরসা আর ফেরানো সম্ভব নয়, শাস্তিই একমাত্র পথ।

## ‘হ্যাঁ’ বললেই সুখী নয়: পিপল- প্লিজার শিশুদের অদৃশ্য যন্ত্রণা

আশরাফুন নাহার



আমাদের সমাজে ভদ্র, শান্ত, অনুগত শিশুকে আমরা সাধারণত "ভালো" বলে প্রশংসা করি। বাচ্চা যদি বড়দের সব কথা নিঃশব্দে মেনে নেয়, প্রতিবাদ না করে, শুধু "হ্যাঁ" বলে–তাহলে যেন সে আদর্শ সন্তান। কিন্তু সত্যি কি তাই? আসলে যে শিশু কখনো "না" বলতে পারে না, সেই শিশুই সবচেয়ে বেশি ভেতরে ভেতরে কষ্টে থাকে। কারণ নিজের অনুভূতি, চাওয়া-পাওয়া, সীমাবদ্ধতা–সবকিছুই সে লুকিয়ে রাখে, শুধু একটি লক্ষ্য মাথায় রেখে: বড়দের খুশি করতে হবে। এমন শিশুদের দেখে অনেকে ভাবে–সে পরিবারের প্রতি শ্রদ্ধাশীল। কিন্তু বাস্তবতা অনেক সময় ভয়ানকভাবে উল্টো। অনেক শিশু 'না' বলতে ভয় পায়, কারণ তারা আশঙ্কায় থাকে–"না" বললে যদি বাবা-মা রেগে যায়? ভালোবাসা কমে যায়? আমাকে অস্বস্তিতে ফেলে?" এই ভয় থেকে তৈরি হয় অতিরিক্ত অনুগত্য, যা সময়ের সঙ্গে শিশুকে পরিণত করে পিপল-প্লিজার-এ। ভয় থেকে জন্ম নেওয়া 'ভদ্র' আচরণ, যে শিশু সবসময় "হ্যাঁ" বলে, সে কখনোই সীমা বা বাউন্ডারি তৈরি করতে শেখে না। তার মনে হয়–অন্যকে খুশি করা মানেই নিজের মূল্য পাওয়া। ফলে সে ধীরে ধীরে নিজের অনুভূতির ওপর বিশ্বাস হারায়। এরা কিশোর বয়সে বন্ধুদের ভুল প্রস্তাবও ফিরিয়ে দিতে পারে না। বন্ধু বলল–"চল ক্লাস ফাঁকি দিই"– সে না বলতে পারে না। কারও অনৈতিক আবদার–তাও ফিরিয়ে দিতে পারে না। কলুর বলদের মতো দায়িত্ব চাপিয়ে দিলে বন্ধুরা কিংবা সহকর্মীরা তা-ও মেনে নেয়। পরিণত বয়সে জীবনসঙ্গীর হাতে কিংবা কর্মক্ষেত্রে বসের হাতে সে বারবার মানসিকভাবে চাপে পড়ে। কারণ তার মাথায় গেঁথে থাকে যায়–"না বললে সবাই আমাকে ছেড়ে দেবে।" "না" বলা শেখানো কেন জরুরি? একজন নিরাপদবোধ করা শিশু কখনোই নিঃশব্দে সবকিছু মেনে নেবে না। সে মাঝে মাঝে রাগ করবে, কাঁদবে, ঝগড়া করবে, বাউন্ডারি ভাঙবে; কিন্তু জানবে– সবকিছুর পরেও তাকে ভালোবাসা দিয়ে আগলে রাখার মতো মানুষ আছে। এই নিরাপত্তাবোধই তাকে বড় হয়ে আত্মবিশ্বাসী করে তোলে। সম্পর্ক, বন্ধুত্ব, কর্মক্ষেত্র–সব জায়গায় নিজের মত প্রকাশে সে সক্ষম হয়ে ওঠে। শিশুকে বড় করার দায়িত্ব শুধু তাকে "ভদ্র" বানানো নয়; বরং তাকে মনের কথা বলতে শেখানো। তার অনুভূতি অস্বীকার করা নয়; বরং মূল্য দেওয়া। কারণ আপনি আজ তাকে সব কথায় 'হ্যাঁ' বলতে শিখিয়ে দিলে–আগামীকাল সে সবার কাছে 'হ্যাঁ' বলা ছাড়া আর কোনো পথ খুঁজে পাবে না। শিশুকে আপনি কী বানাতে চান– একজন ভীত পিপল-প্লিজার, নাকি আত্মবিশ্বাসী জীবনযোদ্ধা? সিদ্ধান্ত আপনার। (লেখক: ডেভেলোপমেন্টাল থেরাপিস্ট,শিশু বিকাশ কেন্দ্র শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ)

## মহানবী (সা.)-এর প্রতি সম্মান: ঈমানের অপরিহার্য অংশ

অন্তর, কথা ও কাজের মাধ্যমে নবীজি (সা.)-এর প্রতি সম্মান প্রকাশ করা মুমিনদের দ্বিনের মূল ভিত্তিভ। আল্লাহ তাআলা মহানবী মুহাম্মদ (সা.)-কে উভয় জগতের শ্রেষ্ঠত্ব দিয়েছেন। এ শ্রেষ্ঠত্ব ও মানবজাতির প্রতি তাঁর অনুগ্রহের প্রতিফলন হলো নবীজি (সা.)-এর প্রতি নিঃশর্ত ভালোবাসা ও সম্মান। পবিত্র কোরআন ও হাদিসে বারবার নির্দেশ দেওয়া হয়েছে, নবীজি (সা.)-এর মর্যাদা ও সম্মান রক্ষাকে ঈমানের অপরিহার্য অংশ হিসেবে মানা। নবীজি (সা.)-এর প্রতি সম্মান প্রদর্শনের প্রয়োজনীয়তা-আল্লাহ মুমিনদের জন্য নবীজি (সা.)-এর প্রতি সম্মানকে অপরিহার্য করেছেন।

কোরআনে বলা হয়েছে: “আমি তোমাকে প্রেরণ করেছি সাক্ষীরূপে, সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে, যাতে তোমরা আল্লাহ ও তাঁর রাসুলের প্রতি ঈমান আনো এবং নবীকে সম্মান করো।” (সুরা ফাতহ, আয়াত ৮-৯) ইমাম ইসলাম ইবনে তাইমিয়া বলেন, নবীজি (সা.)-এর প্রশংসা ও সম্মান রক্ষার মাধ্যমে দ্বিনের অস্তিত্ব রক্ষা পায়। সম্মান প্রদর্শনের তিন মাধ্যম- ১. অন্তরের মাধ্যমে বিশ্বাস স্থাপন: নবীজি (সা.)-এর সত্যায়ন ও বিশ্বাস। (সুরা নিসা, আয়াত ১৩৬) ভালোবাসা: নবীজি (সা.)-কে সকলের চেয়ে প্রিয় মনে রাখা। সম্মান ও শ্রদ্ধা বোধ: নবীজি (সা.)-কে সব সৃষ্টির মধ্যে শ্রেষ্ঠ মনে রাখা। ২. কথার মাধ্যমে- নবীজি (সা.)-এর সঙ্গে উচ্চবাচ্য না করা। (সুরা হুজুরাত, আয়াত ২) ।বিনম্রতার সঙ্গে হাদিস শোনা এবং জীবনচর্য্য আলোচনা করা। সম্মানের সঙ্গে সম্বোধন: “আল্লাহর নবী” বা “রাসুলুল্লাহ” বলা। নাম শুনলেই দরুদ পাঠ করা। (সুরা আহজাব, আয়াত ৫৬) ৩. কাজের মাধ্যমে- নিঃশর্ত আনুগত্য: নবীজি (সা.)-এর আদেশ মেনে চলা। (সুরা নিসা, আয়াত ৮০) আদেশ-নিষেধ উপেক্ষা না করা: নবীজি (সা.)-এর নির্দেশ উপেক্ষা হলো অসম্মানের সমতুল্য। (সুরা হুজুরাত, আয়াত ১) চূড়ান্ত রায় হিসেবে গ্রহণ: নবীজি (সা.)-এর সিদ্ধান্ত সর্বশেষ হিসেবে মানা। (সুরা নিসা, আয়াত ৬৫) আদর্শ হিসেবে গ্রহণ: জীবন ও আচরণে নবীজি (সা.)-কে অনুসরণ করা (সুরা আহজাব, আয়াত ২১)। নবীজি (সা.)-এর প্রতি সম্মান প্রদর্শন মানে শুধু ভাষায় নয়, অন্তরে বিশ্বাস, কথায় শিষ্টাচার ও জীবনে আনুগত্যের মাধ্যমে তা বাস্তবায়ন করা। এটি মুমিনের দ্বিনের প্রাণ এবং ঈমানের শক্তি। আল্লাহ সবাইকে নবীজি (সা.)-এর প্রতি যথাযথ সম্মান প্রদর্শন এবং সুন্নাহ অনুসরণের তাওফিক দিন।

## ছাত্রী চাইলেন প্রধান শিক্ষকের সঙ্গে বিয়ে

(প্রথম পৃষ্ঠার পর)

জানান, “শিক্ষার্থী বা পরিবারের পক্ষ থেকে যদি কোনো ধরনের ব্ল্যাকমেইলের অভিযোগ আসে, আমরা অবশ্যই আইনগত ব্যবস্থা গ্রহণ করব।চ স্থানীয়রা দাবি করছেন, দ্রুত সুষ্ঠু তদন্তের মাধ্যমে বিদ্যালয়ের পরিবেশ স্বাভাবিক করা জরুরি।

## শিশুবিভাগে ‘কনসালটেন্ট’ সেজে

(প্রথম পৃষ্টার পর)

“কনসালট্যান্ট”। একের পর এক রোগী ঢুকছে এবং চিকিৎসাপত্র হাতে নিয়ে বের হয়ে আসছে। সবাই মনে করছেন, তাদের শিশুকে একজন বিশেষজ্ঞ চিকিৎসক দেখছেন। কিন্তু বাস্তবে ওই কক্ষে রোগী দেখছেন হাসপাতালের মেডিকেল টেকনোলজিস্ট (কিডনি ডায়ালাইসিস) তরিকুল ইসলাম। রোগীর স্বজন সেলিম বলেন, “কয়েক দিন ধরে এই ডাক্তারের কাছে ছেলেকে দেখাচ্ছি। কিন্তু বাচ্চার রোগ ভালো হচ্ছে না। শুধু ওষুধ বদলে দিচ্ছেন।” অন্য এক শিশুর মা রুবানা ইসলাম জানান, “কয়েক দিন ধরে বাচ্চার জ্বর। তিনি কিছু টেস্ট দিয়ে নির্দিষ্ট একটি প্যাথলজিতে পরীক্ষা করতে বলেন। সেখানে না গিয়ে পরিচিত একটি প্যাথলজিতে গেলে জানতে পারি–তরিকুল ইসলাম শিশু চিকিৎসক তো নন, কোনো ডাক্তারই নন।” অভিযুক্ত তরিকুল ইসলাম বলেন, “আমি কয়েক বছর ধরে মেহেরপুর জেনারেল হাসপাতালে মেডিকেল টেকনোলজিস্ট (কিডনি ডায়াগনসিস্ট) হিসেবে কর্মরত। উর্ধ্বতন কর্তৃপক্ষ আমাকে যে দায়িত্ব দিয়েছে, সে অনুযায়ী আমি রোগী দেখছি। আমার ডিএমএফ সার্টিফিকেটও রয়েছে।” তবে তিনি রোগী দেখার সময় ছবি তুলতে নিষেধ করেন। শিশুবিভাগের দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক ডা. কানিজ নাঈমাও জানান সরকারী কোন ব্যক্তির ছবি অনুমতি ছাড়া তোলা যায় না। মেহেরপুর জেনারেল হাসপাতালের শিশুবিভাগের দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক ডা. কানিজ নাঈমা বলেন, “শিশুবিভাগে রোগীর চাপ খুব বেশি। সব রোগী দেখা সম্ভব হয় না। দুপুর ২টা বাজলেই আমি বের হয়ে যাবো। তখন রোগীরা হয়রানির শিকার হবেন। তাই রোগীদের স্বার্থে তরিকুল ইসলামকে দিয়ে রোগী দেখানো হচ্ছে।” মেহেরপুর জেলা বিএমএ-এর সভাপতি ডা. আবদুস সালাম বলেন, “শিশু চিকিৎসা অত্যন্ত সংবেদনশীল বিষয়। আমরা এমবিবিএস পাশ করে নানা প্রশিক্ষণ নেওয়ার পরও শিশুদের চিকিৎসায় সতর্ক থাকতে হয়। সেখানে একজন মেডিকেল টেকনোলজিস্ট কোনোভাবেই শিশু রোগীর চিকিৎসা দিতে পারেন না।” মেহেরপুর জেনারেল হাসপাতালের আরএমও ডা. এম.এস.এম. জাহিদুল ইসলাম বলেন, “মেহেরপুরে চিকিৎসকের সংখ্যা কম। তরিকুল ইসলামের পোস্ট কিডনি ডায়াগনসিস্টের, এবং এই বিভাগে এখানে কার্যক্রম নেই। পাশাপাশি তাঁর মেডিকেল অ্যাসিস্ট্যান্স বিষয়ে প্রশিক্ষণ রয়েছে বলে তাঁকে শিশু বিভাগের আউটডোরে রোগী দেখার দায়িত্ব দেওয়া হয়েছে।” হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. শাহারিয়া শায়লা জাহান বলেন, “আমি অফিসিয়াল মিটিংয়ে ব্যস্ত আছি। এই বিষয়ে এখন কথা বলা সম্ভব নয়।

## প্রধান উপদেষ্টা

(প্রথম পৃষ্টার পর)

“এটা গণঅভ্যুত্থান-পরবর্তী নির্বাচন; এই নির্বাচন গণঅভ্যুত্থানকে পূর্ণতা দেওয়ার নির্বাচন। এই ভোট দেশের আগামী শতাব্দীর গতিপথ নির্ধারণ করবে।”

জেলা প্রশাসকদের প্রতি দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানিয়ে প্রধান উপদেষ্টা বলেন, “এই নির্বাচনে ব্যর্থতার কোনো সুযোগ নেই। জাতি নবজন্ম লাভ করবে, আর সেই জন্মের ধাত্রী হিসেবে থাকবেন আপনারাই।” নির্বাচনকে উৎসবমুখর ও শান্তিপূর্ণ করার ওপর গুরুত্ব আরোপ করে তিনি বলেন, “যা কিছু জানা প্রয়োজন সব জেনে নেবেন। তরুণ ও নারী ভোটারদের কথা বিবেচনায় নিতে হবে–তারা অনেকেই ১৫ বছর ধরে ভোটাধিকার প্রয়োগ করতে পারেননি।” প্রধান উপদেষ্টা জানান, বিভিন্ন দেশের পর্যবেক্ষকরা ইতোমধ্যে নির্বাচনের প্রতি গভীর আগ্রহ প্রকাশ করেছেন। তিনি বলেন, “তারা দেখতে চান–বাংলাদেশ কেমন নির্বাচন আয়োজন করে। এই নির্বাচনকে সফল করা গণঅভ্যুত্থানের প্রতি আমাদের প্রতিশ্রুতি।” তিনি এটিকে একটি বড় অভিযান হিসেবে উল্লেখ করে বলেন, “স্বাধীন জাতি হিসেবে টিকে থাকতে হলে এ লড়াইয়ে আমাদের জিততেই হবে।” মন্ত্রিপরিষদ সচিব শেখ আব্দুর রশীদের সঞ্চালনায় অনুষ্ঠিত এ বৈঠকে আরও উপস্থিত ছিলেন– পরিকল্পনা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ, স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরী, গণপূর্ত উপদেষ্টা আদিলুর রহমান খান, আইন উপদেষ্টা প্রফেসর আসিফ নজরুল। এ ছাড়া মাঠ প্রশাসনের প্রতিনিধিদের মধ্যে বক্তব্য দেন–ঢাকা বিভাগের কমিশনার শরফ উদ্দিন আহমদ চৌধুরী, টাঙ্গাইলের জেলা প্রশাসক শরীফা হক এবং বগুড়ার জেলা প্রশাসক মো. তৌফিকুর রহমান।

## মেহেরপুর-কুষ্টিয়া সড়কে আগুন

(প্রথম পৃষ্টার পর)

উপজেলার মালশাদহ এলাকায় টানা কয়েক ঘণ্টা ধরে এ অবরোধ ও অবস্থান কর্মসূচি চলে বলে প্রাথমিকভাবে জানা গেছে। অবরোধ চলাকালে যুবলীগের নেতাকর্মীরা “জয় বাংলা”, “শেখ হাসিনা ভয় নাই, রাজপথ ছাড়ি নাই”–এমন স্লোগানে পুরো মহাসড়ক মুখর করে তোলে। আকস্মিক এ অবরোধে মহাসড়কের দুই পাশে আটকা পড়ে দীর্ঘ ভোগান্তিতে পড়েন রাতের যাত্রীরা। অনেক যাত্রী বাস ও ব্যক্তিগত যানবাহনে আটকা পড়ে আতঙ্কগ্রস্ত হয়ে পড়েন। স্থানীয়রা জানান, গভীর রাতে হঠাৎ এলাকায় উত্তেজনা সৃষ্টি হলে আওয়ামী লীগ ও যুবলীগের নেতাকর্মীরা রাস্তায় নেমে টায়ারে আগুন জ্বালিয়ে যান চলাচল বন্ধ করে দেন। তবে কিসের দাবিতে বা কার নির্দেশে এই অবরোধ কর্মসূচি–তা স্পষ্ট করে কেউ জানাতে পারেননি। এদিকে ঘটনাস্থলেই পুলিশ মোতায়েন থাকলেও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহি-নীর পক্ষ থেকে এখনো কোনো আনুষ্ঠানিক বক্তব্য পাওয়া যায়নি।

## গাংনীতে বিএনপির মনোনয়ন

(প্রথম পৃষ্টার পর)

সম্পাদক কাওছার আলী, পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা ও সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম। এছাড়া উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির নেত্রী ফরিদা পারভীন, ইউনিয়ন ও পৌর নেতাকর্মীরা, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুল ইসলাম বিপ্লব ও গাংনী উপজেলা ছাত্রদলের সভাপতি রিপন হোসেন।

জানা যায়, জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনকে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়ন না দেওয়ায় দলের একাংশের নেতাকর্মীরা দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছেন। শান্তিপূর্ণভাবে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে তারা তার মনোনয়ন পুনর্বিবেচনার দাবি জানিয়েছেন।

## বারাকপুরে জামায়াতের গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

কর্মসূচিতে নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমির ও মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। উপস্থিত ছিলেন মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, সদর উপজেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি আবুল হোসেন, বুড়িপোতা ইউনিয়ন আমির হাফেজ আবু জাফর সোহেল, ইউনিয়ন সেক্রেটারি আব্দুস সালামসহ স্থানীয় নেতাকর্মীরা। গণসংযোগ কর্মসূচিতে নেতারা আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো, সংগঠনকে আরও শক্তিশালী করা এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানান।

## উগান্ডাকে হারিয়ে নারী কাবাডি

(প্রথম পৃষ্টার পর)

খেলা হওয়ায় শুরুতে একটু সময় লেগেছিল ওদের খেলা বোঝার জন্য। পরে আমরা অনেক ভালো খেলেছি। জয় পেয়ে ভালো লাগছে। আগামী ম্যাচেও আমরা চেষ্টা করব জিততে। দেশের জন্য খেলতে পারা খুব আনন্দের।' বাংলাদেশ 'এ' গ্রুপের দ্বিতীয় ম্যাচে মঙ্গলবার বিকেল পাঁচটায় মুখোমুখি হবে জার্মানির। এই বছর বিশ্বকাপে অংশগ্রহণ করছে ১১টি দেশ। স্বাগতিক বাংলাদেশ ও উগান্ডা ছাড়াও আছে ২০১২ সালের দুই ফাইনালিস্ট ভারত ও ইরান, এবং চাইনিজ তাইপে, জার্মানি, কেনিয়া, নেপাল, পোল্যান্ড, থাইল্যান্ড ও জাঞ্জিবার।

## ধানমন্ডি ৩২ নম্বরে সংঘর্ষ, পুলিশের

(প্রথম পৃষ্টার পর)

অসুবিধা হয়। নারায়ণগঞ্জের বাসিন্দা মোস্তফা কামালের স্বজন মাসুদ আলম বলেন, “ভেতরে থাকা চাচা মোস্তফা কামাল আতঙ্কিত। বাইরে সাউন্ড গ্রেনেড ও ককটেল বিস্ফোরণ চলায় তার অবস্থাও ভীতিকর।” কলাবাগান এলাকায় কয়েকশ মানুষ জড়ো হয়ে ধানমন্ডি ৩২-এর দিকে এগোতে চেষ্টা করছে। স্কয়ার হাসপাতালের সামনে থাকা বিক্ষোভকারীরা পুলিশের দিকে চিৎকার করে ‘ভুয়া’ স্লোগান দিতে থাকে। পুলিশের বাধার কারণে তারা সামনের দিকে এগোতে পারছে না। ধানমন্ডি ২৭ থেকে ৩২ নম্বরের সড়কে নিউ মডেল বহুমুখী উচ্চ বিদ্যালয়ের উত্তর পাশে আরও কয়েকশ মানুষ জড়ো হয়েছে। তারা শেখ হাসিনার ফাঁসির রায়কে কেন্দ্র করে স্লোগান দিচ্ছে। এখানে সেনাবাহিনীর উপস্থিতি বাধার কারণ হচ্ছে। ধানমন্ডি ৩২ নম্বরের পশ্চিমপাশের আবাসিক এলাকায় শতাধিক মানুষও জমায়েত হয়েছে এবং তারা শেখ হাসিনার বিরুদ্ধে বিভিন্ন স্লোগান দিচ্ছে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে হাসপাতালে ফটক আগেভাগে বন্ধ করে দেয়। সংঘর্ষ নিয়ন্ত্রণে রাখতে ধাপে ধাপে সাউন্ড গ্রেনেড ও টিয়ারশেল নিক্ষেপ করা হচ্ছে। ধারাবাহিক সংঘর্ষ ও আতঙ্কের মধ্যে এলাকায় সাধারণ মানুষ ও রোগীদের নিরাপত্তা নিয়ন্ত্রণ একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। স্থানীয় বাসিন্দারা বলছেন, রাত পর্যন্ত এ ধরণের সংঘর্ষ ও পুলিশি ব্যবস্থার মধ্যে নিরাপদ অবস্থান নিশ্চিত করা কঠিন।

## গাংনী বাজারে ‘মফিজ ফল ভাণ্ডার’

(প্রথম পৃষ্টার পর)

৩০ লাখ টাকার ক্ষতি হয়, এবং দোকানের ক্যাশ ড্রয়ার থেকে ১৫ লাখ টাকা জোরপূর্বক ছিনিয়ে নেওয়া হয়। হামলার সময় মফিজুর রহমান ও তার স্ত্রীকে মারধর করা হয়। তিনি অভিযোগ করেন, দীর্ঘ ৪০ বছর ধরে ব্যবসা করা এই দোকানটি রাস্তাঘাট নির্মাণকে কেন্দ্র করে ‘ম্যাপে না থাকা’ অজুহাতে গত কয়েক মাস ধরে হামলার হুমকির মুখে ছিল। দোকান অক্ষত রাখতে ৫ লাখ টাকা চাঁদাও দাবি করা হয়েছিল, যা তিনি দিতে অস্বীকার করেছিলেন। মফিজুর রহমান গাংনী থানায় অভিযুক্তদের নামে অভিযোগ দায়ের করতে গেলে পুলিশ তা গ্রহণ না করে গড়িমসি করেছে।

## প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির

(প্রথম পৃষ্টার পর)

সাজ্জাদ, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক পার্থ প্রতিম শীল, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সামিউল হক, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা, শেখ তৌহিদুল কবীর, আবির আনসারী, হাবিবুর রহমান, খাদিজা আক্তার প্রমুখ।

## মেহেরপুরে প্রভাষকের পদোন্নতির

(প্রথম পৃষ্টার পর)

জেলা শাখার আহ্বায়ক মনিরুজ্জামানের নেতৃত্বে অনুষ্ঠিত অবস্থান কর্মসূচিতে উপস্থিত ছিলেন যুগ্ম আহ্বায়ক রুপালি বিশ্বাস, সদস্য সচিব ইকরামুল হোসেন, অর্থ সচিব তৌফিকুল ইসলাম, সদস্য সানজিদা ফেরদৌস, নিলুফার ইয়াসমিনসহ অন্যান্য প্রভাষক। এছাড়া সংহতি প্রকাশ করে রাষ্ট্রবিজ্ঞান ও অর্থনীতি বিভাগের সহযোগি অধ্যাপকরা ও অন্যান্য সহকারী অধ্যাপকরা অংশ নেন। প্রভাষকরা জানান, ৩৭তম ব্যাচের প্রায় আড়াই হাজার প্রভাষক দীর্ঘদিন ধরে পদোন্নতির অপেক্ষায় রয়েছেন। প্রশাসনিক জটিলতা ও ফাইল বিলম্বের কারণে তাদের পদোন্নতির গেজেট ঝুলে রয়েছে। ন্যায্য পদোন্নতির আদেশ জারি না হওয়া পর্যন্ত এই কর্মবিরতি চলবে।

## মেহেরপুরে হোটেল আটলান্টিকা

(প্রথম পৃষ্টার পর)

যথাযথভাবে তদন্ত করেননি। ১৬৪ ধারায় তারা অনেকে বাদ দিয়েছেন এবং কাউকে রেখেছেন, ফলে মামলার আসামিদের স্বাক্ষ্য প্রভাবিত হয়েছে। তিনি আরও বলেন, “আমি রায়ের পূর্ণ কপি হাতে পেলেই আপিল করব। আপিলে এই মামলার সঠিক বিচার ও ফলাফল স্পষ্ট হবে।

## ব্যাংক লুটের টাকায় ককটেল কিনে নাশকতা করছে আ.লীগ: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

বিভিন্ন ব্যাংক থেকে লুট করা অর্থ ও বৃহৎ অবকাঠামো প্রকল্পে আত্মসাৎ করা টাকা ব্যবহার করে আওয়ামী লীগ ককটেল কিনে নাশকতা চালাচ্ছে–এমন অভিযোগ করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। সোমবার দুপুরে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ অভিযোগ করেন। রিজভী বলেন, “বিগত ফ্যাসিস্ট আমলে যারা অপরাধ করেছে এবং নির্দেশ দিয়েছে–তারাই আজ লজ্জাহীনভাবে বাসে আগুন দিচ্ছে। বিভিন্ন ব্যাংক থেকে লুটের টাকায় ককটেল কেনা হচ্ছে। পদ্মা সেতু ও মেট্রোরেলের আত্মসাৎ করা টাকা থেকেও নাশকতার অর্থায়ন হচ্ছে।” তিনি দাবি করেন, আগুন সন্ত্রাসের সঙ্গে বিএনপির কোনও সম্পৃক্ততা নেই। “ফ্যাসিবাদের সময় মিডিয়াকে নিয়ন্ত্রণ করে গণতন্ত্রকামী নেতাকর্মীদের বিরুদ্ধে অপপ্রচার চালানো হয়েছিল। তখনও আমরা বলেছি–আগুন সন্ত্রাসের সঙ্গে আমাদের কোনো সম্পর্ক নেই। এখন তার নমুনা স্পষ্ট।” তিনি স্মরণ করেন, অতীতে আইন-শৃঙ্খলা বাহি-নীর হাতে আবু সাঈদ, মুগ্ধ ও ওয়াসিম আকরামের হত্যাকাণ্ডের ঘটনাও তরতর করে স্মৃতিতে ভেসে ওঠে। রিজভী বলেন, “শেখ হাসিনার অপরাধের শাস্তি যথাযথ হলে সেটি দৃষ্টান্ত হয়ে থাকবে। গণমানুষ বিশ্বাস করে–শেখ হাসিনার আমলের মতো নির্দেশিত আদালত আর হবে না। জনগণ ন্যায্য বিচারই প্রত্যাশা করছে, এবং সেই বিচার তারা প্রত্যক্ষ করছে।” ভারতে অবস্থানরত শেখ হাসিনাকে ‘নির্দেশদাতা’ হিসেবে উল্লেখ করে তিনি বলেন, “ভারতে বসে তার দেওয়া নির্দেশ আইনসম্মত নয়। ভারত কেন তা হতে দিচ্ছে? একজন দণ্ডপ্রাপ্ত অভিযুক্তকে আশ্রয় দিয়ে বাংলাদেশের বিরুদ্ধে নাশকতার সুযোগ সৃষ্টি করা আইন লঙ্ঘনের সামিল। বাংলাদেশের মানুষ এটা ভালোভাবে দেখছে না।” সংবাদের একপর্যায়ে রিজভী জানান, গত বছরের মতো এবারও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের জন্মদিনে কোনো ধরনের অনুষ্ঠান না করার নির্দেশ দেওয়া হয়েছে। “কেউ অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা করলে সেটির ব্যয় দান করে দিতে হবে,”–বলেন তিনি। সংবাদ সম্মেলনে বিএনপির যুগ্ম-মহাসচিব হাবিব উন নবী খান সোহেল, আব্দুস সালাম আজাদ, সাংগঠনিক সম্পাদক সাইয়েদুল আলম বাবুলসহ দলের অন্যান্য নেতারা উপস্থিত ছিলেন।

## নির্বাচন কমিশনের নিয়ত পরিষ্কার: সিইসি

সূর্যোদয় প্রতিবেদন

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন বলেছেন, ‘নানা প্রতিকূলতার মধ্যেও আমরা সফলভাবে নির্বাচনের প্রস্তুতি এগিয়ে নিয়ে যাচ্ছি এবং আমাদের নিয়ত পরিষ্কার। সবার সহযোগিতা পেলে ভালো নির্বাচন করা সম্ভব হবে।’ সোমবার (১৭ নভেম্বর) রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে ছয়টি রাজনৈতিক দলের সঙ্গে সংলাপের দ্বিতীয় ধাপে এই মন্তব্য করেন সিইসি। সিইসি নাসির উদ্দিন বলেন, ‘অনেক প্রতিকূলতার মধ্যে আমাদের নির্বাচনের প্রস্তুতি চলছে। প্রবাসীদের ভোট ও দেশের ভেতরে তিন ধরনের ব্যক্তির জন্য পোস্টাল ব্যালটের ব্যবস্থা করা হয়েছে। আমাদের চেষ্টা, আন্তরিকতা ও সাহস সব মিলিয়ে সীমাবদ্ধতার মধ্যে যথাযথ।’ তিনি আরও বলেন, ‘মুখে যা বলছি তা-ই নিয়ত। সবাইকে নিয়ে এই নিয়ত পূর্ণ করতে পারব। আল্লাহ আমাদের সাহায্য করবেন, আমাদের নিয়ত সাফ।’

## নাশকতা ঠেকাতে মাঠে বিএনপি-জামায়াত-এনসিপি

সূর্যোদয় প্রতিবেদন

ছাত্র-জনতার অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের মামলার রায় আজ সোমবার ঘোষণা করা হবে। রায়কে কেন্দ্র করে দেশে নাশকতার শঙ্কা দেখা দিয়েছে। এ পরিস্থিতিতে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ যেন কোনো ধরনের নৈরাজ্য সৃষ্টি করতে না পারে–এই লক্ষ্য নিয়ে বিএনপি, জামায়াতে ইসলামি ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)সহ ফ্যাসিবাদবিরোধী দলগুলো রাজপথে সতর্ক অবস্থানে থাকবে বলে ঘোষণা দিয়েছে। ফ্যাসিবাদবিরোধী জোটের শীর্ষ নেতারা অভিযোগ করেন, গত ১৭ বছরে আওয়ামী লীগ গণতন্ত্রকে ধ্বংস করেছে। তাদের দাবি, এই সময়ে হাজার হাজার মানুষ গুম, খুন ও হত্যার শিকার হয়েছেন। ২০২৪ সালের জুলাইয়ে ভয়াবহ গণহত্যাও চালানো হয় বলে তারা অভিযোগ করেন। নেতাদের ভাষ্য, গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হওয়ার পর শেখ হাসিনা দেশত্যাগ করলেও সহিংস কর্মকাণ্ড থামেনি। তারা বলেন, ১৩ নভেম্বর ঢাকাসহ বিভিন্ন জায়গায় গাড়িতে আগুন দেয়া ও সহিংসতার ঘটনা ঘটেছে। আজকের রায়কে কেন্দ্র করে নতুন করে নাশকতার আশঙ্কা রয়েছে। এ কারণেই দলগুলো মাঠে সতর্ক অবস্থানে থাকবে। বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন,

‘ফ্যাসিস্ট হাসিনার গণহত্যার বিরুদ্ধে রায়ের দিন নিয়ে দেশে ভয় ও অনিশ্চয়তা তৈরি হয়েছে। একটি মহল নৈরাজ্য সৃষ্টি করতে চায়। আমাদের রুখে দাঁড়াতে হবে।’ তিনি আরও বলেন, ‘ছাত্রদের অভ্যুত্থানের মধ্য দিয়ে যে নতুন পথ তৈরি হয়েছে, তা যেন নষ্ট না হয়। গণতন্ত্রের উত্তরণের পথে কেউ বাধা দিলে প্রতিহত করা হবে।’ বিএনপির কেন্দ্রীয় নেতারা জানান, তারা সারা দেশে দলীয় নেতাকর্মীদের সতর্ক অবস্থানে থাকতে নির্দেশ দিয়েছেন।৮ দলের যৌথ সংবাদ সম্মেলনে জামায়াতে ইসলামী সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেন– ‘নাশকতা ঠেকানোর দায়িত্ব সরকারের। তবে আমাদের নেতাকর্মীরা আগের মতোই মাঠে থাকবে। গুরুত্বপূর্ণ সরকারি স্থাপনা ও ধর্মীয় প্রতিষ্ঠান পাহারা দেবে। ফ্যাসিস্ট শক্তিকে আর মাথাচাড়া দিয়ে উঠতে দেওয়া হবে না।’ জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম সদস্য সচিব মুশফিক-উস-সালেহীন বলেন, ‘ফ্যাসিবাদীদের যেকোনো নাশকতা রোধ করতে এনসিপির নেতাকর্মীরাও মাঠে থাকবেন।’ রায় ঘিরে সারাদেশে বাড়তি সতর্কতা জারি করা হয়েছে। আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি বিরোধী দলগুলোর স্বেচ্ছা উদ্যোগে মাঠে অবস্থান দেশের রাজনৈতিক পরিস্থিতিকে আরও সংবেদনশীল করে তুলেছে।

## নিরাপত্তা পরিষদে ট্রাম্পের প্রস্তাবে ভেটো দেবে না চীন-রাশিয়া

সূর্যোদয় প্রতিবেদন

গাজায় যুদ্ধবিরতির পর শান্তি ও পুনর্গঠন প্রক্রিয়া এগিয়ে নিতে যুক্তরাষ্ট্র সমর্থিত একটি খসড়া প্রস্তাব আজ সোমবার জাতিসংঘ নিরাপত্তা পরিষদে উঠতে পারে। প্রস্তাবটি পাস হলে সেখানে মোতায়েন করা হবে একটি আন্তর্জাতিক স্থিতিশীলতা বাহিনী–ইন্টারন্যাশনাল স্টেবিলিটি ফোর্স (আইএসএফ)। এ বাহিনীর উদ্দেশ্য হবে যুদ্ধবিধ্বস্ত গাজায় নিরাপত্তা নিশ্চিত করা, মানবিক করিডোর রক্ষা, বেসামরিকদের সুরক্ষা ও শাসন কাঠামো সংস্কার। জাতিসংঘের একাধিক জ্যেষ্ঠ কূটনীতিকের আশা, নিরাপত্তা পরিষদের দুই স্থায়ী সদস্য চীন ও রাশিয়া এ প্রস্তাবে ভেটো দেবে না। যদিও রাশিয়ার অবস্থান এখনও পুরোপুরি নিশ্চিত নয়, তবে আশা করা হচ্ছে তারা ভোটে বিরত থাকতে পারে। চীনও একই অবস্থান নিতে পারে বলে ধারণা কূটনীতিকদের। যুক্তরাষ্ট্রের খসড়া প্রস্তাবে রয়েছে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের গাজা বিষয়ক ২০ দফা পরিকল্পনা। এতে গাজার জন্য অন্তর্বর্তী প্রশাসন গঠনের পাশাপাশি দুই বছরের জন্য অনুমোদন পাবে ২০ হাজার সদস্যের আন্তর্জাতিক নিরাপত্তা বাহিনী আইএসএফ। এ বাহি-নী সশস্ত্র গোষ্ঠীগুলোর নিরস্ত্রীকরণসহ মানবিক সহায়তার নিরাপদ চলাচল নিশ্চিত করবে। প্রস্তাবে উল্লেখ রয়েছে–এ বাহিনীতে কোনো মার্কিন সেনা থাকবে না।

## বিভিন্ন জাতীয় ও স্থানীয় পত্রিকায় প্রকাশিত সংবাদের বিরুদ্ধে প্রতিবাদ বিজ্ঞপ্তি



দৈনিক ইনকিলাব, আলোকিত সকাল, সময়ের কাগজ, আমাদের সূর্যোদয়, সকালের সময়, দেশতথ্য, নাগরিক ছাড়াও স্থানীয় ও জাতীয় পত্রিকা এবং কিছু অনলাইন পত্রিকা ও সামাজিক যোগাযোগ মাধ্যমে আমার বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগের লিগ্যাল নোটিশ সহ অন্যান্য শিরোনামে বিভিন্ন নেতিবাচক সংবাদ বিগত কয়েক দিনে প্রকাশ করা হয়। সংবাদ গুলি অপতথ্য সংযোজিত, বিভ্রান্তিকর, মিথ্যা ও বিশেষ উদ্দেশ্য প্রনোদিত। অভিযোগে উল্লেখিত ০৮ সেপ্টেম্বর ২০২৫ইং, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর হতে ০৩ টি শিক্ষা প্রতিষ্ঠানের নির্মাণ কাজের দরপত্র পি.পি.এ ২০০৬, পি.পি.আর ২০০৮ এর প্রযোজ্য বিধি এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কাজের ডেস্কের অফিসারের পত্রের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে দরপত্র আহ্বান করা হয়েছে। বর্তমানে তিনটি কাজের দরপত্র মূল্যায়ন চলমান রয়েছে এক্ষেত্রে অভিযোগে উল্লেখিত সৈকত এন্টারপ্রাইজ উক্ত তিনটি দরপত্র সমূহে অংশগ্রহণকারী দরদাতা হওয়া সত্ত্বেও পাবলিক প্রকিউমেন্ট রুলস ২০০৮ অমান্য করে তার কর্তৃক প্রেরিত লিগ্যাল নোটিশ মূলত দরপত্র মূল্যায়নের সিদ্ধান্তকে বাধাগ্রস্ত করার অপপ্রয়াস বলে প্রতীয়মান হয় এবং উক্ত লিগ্যাল নোটিশের জবাব যথাযথভাবে সরকারী পাবলিক প্রকিউমেন্ট রুলস ২০০৮ এবং এসটিডি এর প্রযোজ্য বিধি মোতাবেক আইনের মাধ্যমে প্রদান করা হবে। এক্ষেত্রে প্রচলিত আইনকে অমান্য করা হয়নি। এছাড়া কাজের সময় বৃদ্ধিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রধান প্রকৌশলীর নাম ভাঙ্গিয়ে ৫০ থেকে ৬০ হাজার টাকা হাতিয়ে নেয়ার যে অভিযোগ করা হয়েছে তা সম্পূর্ণ বানোয়াট ও ভিত্তিহীন। আমি অত্র কার্যালয়ে যোগদানের পর সরকারী কাজ যথা সময়ে বাস্তবায়ন না করার জন্য দায়ী ঠিকাদারদের সময়বর্ধনের জন্য আইন মোতাবেক জরিমানা আরোপ করি এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলীর যথাযথ অনুমোদন গ্রহণ করা হয়েছে, সরকারী কোষাগারে জরিমানার অর্থ চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে যার প্রমানক রয়েছে। এছাড়া আমার বিরুদ্ধে আনা অনৈতিক সুবিধার বিনিময়ে কাজের ব্রেট ফাঁস করে ঠিকাদারকে কাজ পাইয়ে দেয়া সম্পূন্ন কল্পনাপ্রসূত যা বর্তমানে ই-জিপি প্রক্রিয়ায় অকল্পনীয় বিষয়। ২৭/০৮/২০১৫ ইং তারিখে দুইটি নোটিশে ০৭ টি প্রতিষ্ঠানের আসবাবপত্রের দরপত্র আহ্বান করা হয়, অভিযোগে উল্লেখ করা হয়েছে ০৭ টি আসবাবপত্রের কাজ ০৫ জনকে ভূয়া কাগজ দেখিয়ে ভাগ করে দেয়া হয়। যা মিথ্যাচার ছাড়া কিছুই নয়। কারণ ০৭ টি আসবাবপত্র সরবরাহের কাজ ১০ জন ঠিকাদার হতে ও কাগজপত্র সঠিকতা যাচাই অন্তে যথাযথ নিয়ম মেনে ০৭ জনকে প্রদান করা হয়েছে এবং এই কাগজগুলোতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয় ও সংশ্লিষ্ট প্রধান কার্যালয়ের ডেস্কের অনুমোদন রয়েছে। অত্র কার্যালয়ে যোগদানের প্রথম হতেই পরিবারসহ সার্বক্ষণিক মেহেরপুরে অবস্থান করে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করি এক্ষেত্রে নিয়মিত অফিস না করার অভিযোগ অসত্য। আমার স্থাবর অস্থাবর সকল সম্পদের বিবরণ যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল রয়েছে। এছাড়াও শিক্ষা প্রকৌশল অধিদপ্তরে চাকুরীকালীন সময়ে আমার বিরুদ্ধে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সম্পর্কিত কোন অভিযোগ নাই। বিগত ১৬ অক্টেবর ২০১৫ইং তারিখে যশোর জেলায় আমার বদলীর আদেশ হয় কিন্তু একটি স্বার্থনেষী মহল আমার যশোর জেলায় পদায়ন বাধাগ্রস্ত করতে আমার বিরুদ্ধে পরিকল্পিতভাবে মিথ্যা তথ্য প্রচার করে সামাজিক ও রাষ্ট্রীয়ভাবে আমাকে হেয় প্রতিপন্ন করার উদ্দেশ্যে এধরনের গুজব রটানো হচ্ছে। আমি উক্ত সংবাদে উপস্থাপিত অভিযোগ গুলোর বিষয়ে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।

**(মোঃ রাকিবুল আহসান)**
**নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর**
**মেহেরপুর।**